খুলনায় ১১ দলীয় জোটের গাড়িবহরের সামনে ককটেল বিস্ফোরণ



ছবি: সংগৃহীত

খুলনায় ১১ দলীয় জোটের ঢাকা-খুলনা-কুষ্টিয়া লংমার্চের গাড়িবহর লক্ষ্য করে ককটেল বিস্ফোরণের ঘটনা ঘটেছে। শনিবার (৩১ অক্টোবর) দুপুর সাড়ে ৩টার দিকে ফুলবাড়ীগেট এলাকার শহীদ মিনারের সামনে এ ঘটনা ঘটে। তবে এতে কেউ হতাহত হননি।

প্রত্যক্ষদর্শীরা জানান, খুলনা থেকে ফুলতলা উপজেলার উদ্দেশে যাচ্ছিল লংমার্চের গাড়িবহর। ফুলতলা বাজারে পথসভা শেষে সেখান থেকে যশোর যাওয়ার কথা ছিল তাদের। বহরের কয়েকটি গাড়ি ফুলবাড়ীগেট পার হওয়ার পর পেছনের গাড়িগুলো আসার আগেই শহীদ মিনারের সামনের সড়কে পরপর দুটি ককটেল বিস্ফোরিত হয়।

এ সময় আরও একটি ককটেল অবিস্ফোরিত অবস্থায় পড়ে থাকতে দেখা যায়। হঠাৎ বিস্ফোরণের শব্দে সড়কের দুই পাশে থাকা মানুষের মধ্যে আতঙ্ক ছড়িয়ে পড়ে। অনেকে ছোটাছুটি শুরু করেন। পরে পুলিশ ঘটনাস্থলে পৌঁছালে পরিস্থিতি স্বাভাবিক হয়।

খানজাহান আলী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. আবুল বাসার ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন, অবিস্ফোরিত ককটেলটি উদ্ধার করা হয়েছে। কারা এ ঘটনার সঙ্গে জড়িত, তা শনাক্তের চেষ্টা চলছে। এ ঘটনায় এখন পর্যন্ত থানায় কেউ আনুষ্ঠানিক অভিযোগ করেননি।